

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৮০৪

সোনামুড়া, ২৪ নভেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযান
সোনামুড়ায় প্রশাসনিক শিবির অনুষ্ঠিত

প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে সম্প্রতি সোনামুড়া নিউ টাউন হলে এক প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে মহকুমা প্রশাসন সহ বিভিন্ন দপ্তরের পক্ষ থেকে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের নানা প্রকল্পের সুযোগ-সুবিধার বিষয়ে সাধারণ মানুষকে সচেতন করে তোলা হয়। সোনামুড়া মহকুমা প্রশাসনের পক্ষ থেকে শিবিরে সোনামুড়া নগর পঞ্চায়েত এলাকার ২১ জনকে বিভিন্ন সার্টিফিকেট প্রদান করার জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়। এর মধ্যে ১০ জনকে ইনকাম সার্টিফিকেট, ৫ জনকে ত্রিপুরায় স্থায়ী বসবাসের সার্টিফিকেট, ৩ জনকে বিবাহ নিবন্ধীকরণ সার্টিফিকেট, ১ জনকে এসটি সার্টিফিকেট এবং ২ জনকে এসসি সার্টিফিকেট প্রদান করা হবে। বন দপ্তর থেকে ২৫ জনকে বিভিন্ন গাছের চারা দেওয়া হয়। এছাড়া মৎস্য, প্রাণীসম্পদ বিকাশ ইত্যাদি দপ্তর থেকে সাধারণ মানুষের মধ্যে বিভিন্ন সহায়তা প্রদান করা হয়।
